

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫১

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪২৮

১৭ মে ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

আজ ১৭ মে ২০২১ খ্রিঃ তারিখ ভোর ৪.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

ময়মনসিংহ, সিলেট, এবং কুমিল্লা অঞ্চল সমূহের উপর দিয়ে পশ্চিম/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

১৭ মে ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।

পূর্বাভাসঃ কুমিল্লা অঞ্চলসহ সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রংপুর, রাজশাহী, ঢাকা এবং ময়মনসিংহ বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র আবহাওয়া শুল্ক থাকতে পারে।

তাপপ্রবাহঃ রাজশাহী, পাবনা, রাজামাটি, চাঁদপুর, মাঈজদীকোট এবং ফেনী অঞ্চলসহ ঢাকা, খুলনা ও বরিশাল বিভাগের উপর দিয়ে মৃদু তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): উল্লেখযোগ্য পরিবর্তন নেই।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৭.২	৩১.৫	৩৮.০	৩২.৩	৩৬.৫	৩৩.৬	৩৭.৫	৩৬.৮
সর্বনিম্ন তাপমাত্রা	২৪.৪	২৩.৬	২৫.০	২২.৯	২৫.৩	২৩.৬	২২.০	২৬.৫

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল রাজামাটি ৩৮.০° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা চুয়াডাঙ্গা ২২.০° সেঃ।  
(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৫ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৬ মে, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২০ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৫	০	০
২।	ময়মনসিংহ	২	০	০
৩।	বরিশাল	০	০	০
৪।	সিলেট	১	০	০
৫।	রাজশাহী	১	০	০
৬।	রংপুর	১	০	০
৭।	চট্টগ্রাম	৭	০	০
৮।	খুলনা	৩	০	১
	মোট	২০	০	১

### দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ

১। ১২/০৫/২০২১ তারিখে ১৫৮ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে কালবৈশাখী/ঘূণিঝড়সহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্তদের মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে আগাম প্রস্তুতি হিসেবে ৬৪টি জেলার ৪৯২টি উপজেলার প্রতিটিতে ৬৫,০০০/- (পঁয়ষট্টি হাজার) টাকা করে ৪৯২টি উপজেলায় (৬৫,০০০ X ৪৯২) = ৩,১৯,৮০,০০০/- (তিন কোটি উনিশ লক্ষ আশি হাজার) বরাদ্দ প্রদান করা হয়েছে।

২। ১২/০৫/২০২১ তারিখে ১৫৭ নং স্মারকের মাধ্যমে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় হতে মাদারীপুর জেলার শিবচর উপজেলাধীন বাংলাবাজার-শিমুলিয়া নৌরুটে কাঠালবাড়ী ঘাট সংলগ্ন এলাকায় গত ০৩/০৫/২০২১ খ্রিঃ তারিখে স্পিডবোট ডুবির কারণে মৃত ব্যক্তিদের পরিবারের সাহায্যার্থে মানবিক সহায়তা হিসেবে নিম্নরূপ বরাদ্দ প্রদান করা হয়েছে।

ক্রঃ	জেলার নাম	বরাদ্দের পরিমাণ (নগদ অর্থ)
০১	মাদারীপুর	৭,৫০,০০০/- (সাত লক্ষ পঞ্চাশ হাজার)



১৭-৫-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১১২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৫১/১(১৭০)

তারিখ: ৩ জ্যৈষ্ঠ ১৪২৮

১৭ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



১৭-৫-২০২১

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা